সংগ্রাম বরগুনার ফুলঝুরিতে রেমাল কর্মসূচির কাজ নিঃসন্দেহে সুন্দরভাবে বাস্তবায়ন করেছে: সদর উপজেলা নির্বাহী অফিসার

মোঃ সানাউল্লাহ রিয়াদ, বরগুনা- ঘূর্ণিঝড় রেমালে দেশের দক্ষিণ পশ্চিম উপকূলীয় জেলা বরগুনায় ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়েছে। সংগ্রাম সদর উপজেলার ৩নং ফুলঝুড়ি ইউনিয়নে ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীর সহায়তায় প্রকল্প বাস্তবায়ন করেছে। প্রকল্পের Lesson Learnt Workshop এ প্রধান অতিথি বরগুনা সদর ইউএনও মো. শামীম মিঞা বলেন, নিঃসন্দেহে সংগ্রাম বাস্তবায়িত রেমাল কর্মসূচি ফুলঝুড়িতে সুন্দরভাবে কাজ বাস্তবায়ন করেছে।

সোমবার (৩০সেপ্টেম্বর) সদর উপজেলা পরিষদ মিলনায়তনে সংগ্রাম’র নির্বাহী পরিচালক চৌধূরী মুনীর হোসেন’র সভাপতিত্বে ও সংগ্রাম’র সহকারী পরিচালক (প্রোগ্রাম) এ এন এম আশরাফ উদ্দিন এর সঞ্চালনায় বক্তব্য রাখেন- উপজেলা সমাজসেবা কর্মকর্তা মোঃ হেমায়েত উদ্দীন, ৩ নং ফুলঝুড়ি ইউনিয়ন চেয়ারম্যান গোলাম সরোয়ার কবির, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ জিয়াদ হাসান, সহকারী উপজেলা শিক্ষা অফিসার রবীন্দ্রনাথ হাওলাদার, উপজেলা শিক্ষা অফিসার, বরগুনা প্রেসক্লাব’র সাবেক সভাপতি মনির হোসেন কামাল, সাধারণ সম্পাদক জাফর হোসেন হাওলাদার, লোকবেতারের পরিচালক মনির হোসেন কামাল প্রমুখ। এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন- দৈনিক স্বাধীন বাণী পত্রিকার বার্তা সম্পাদক মো: সানাউল্লাহ্ রিয়াদ, প্রোজেক্ট অফিসার নুরুজ্জামান, ফিল্ড ফ্যাসিলিটেটর জুবায়ের, ভলান্টিয়ার গোলাম মোশের্^দ রাহাত, ডিজাইন এন্ড ডকুমেন্টেশন অফিসার মো: আরিফ মিয়া ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ। অনুষ্ঠানে স্থীর চিত্রের মাধ্যমে রেমালে ক্ষতিগ্রস্ত এলাকায় ভুক্তভোগী পরিবারে ক্ষতিগ্রস্ত অবস্থা ও সহযোগিতা করার পরে উপকারভোগী পরিবারের অবস্থার পরিবর্তণ নিয়ে একটি স্থীর চিত্র উপস্থাপন করা হয়।

জানাগেছে, সংগ্রাম উন্নয়ন সহযোগী NEAR CHANGE FUND, ও NAHAB এবং দ্বীপ উন্নয়ন সংস্থার দ্বীপ’র সহায়তায় সদর উপজেলার ৩নং ফুলঝুড়ি ইউনিয়নের আন্ধারমানিক সরকারি প্রাথমিক বিদ্যালয় স্কুল কাম সাইক্লোন শেল্টার মাঠ ভরাট, বনায়ন, বিদ্যালয় সংলগ্ন পুকুর পুন:খনন, পানি বিশুদ্ধকরণ ও সংরক্ষণসহ প্রকল্প কার্যক্রম সফলভাবে সম্পন্ন করেছে সংস্থাটি।

প্রকল্পের আওতায় গত ১ জুলাই ২০২৪ থেকে প্রকল্প এলাকায় ২৫ জন খামারীর খামার নির্মাণ, হাঁস এবং ছাগল সরবরাহ ও খাদ্যক্রয়ের জন্য ৩০ (ত্রিশ) হাজার টাকা করে নগদ সহায়তা, ৫০টি পরিবারকে গৃহ মেরামত ও বাড়ির আঙিনায় সবজি/ফলজ গাছ রোপনের জন্য ১৩ হাজার টাকা করে নগদ সহায়তা, ৪০টি পারিবারিক টয়লেট নির্মাণ, ৩০ টি নলকূপ মেরামত, ২টি পুকুর পুন:খনন, পানি বিশুদ্ধকরন, সংরক্ষণ, ১টি বিদ্যালয়ের মাঠভরাট ও ২টি বিদ্যালয়ে বনায়ন সম্পন্ন করেছে।